

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(জে এম শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০১৩.২৭.০০২.১৮- ৮৬৮

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ছেলেধরা গুজবের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত।


সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-১, অধিশাখার স্মারক নং ৩৮.০০.০০০০. ০০৭.৯৯.০০৬
.১৯-৫৫৬ তাং ২৫/০৭/২০১৯খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক ছেলেধরা গুজবের প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ছাত্রীর উপস্থিতি হ্রাস পেয়েছে। গুজব ছড়ানো একটি মারাত্মক অপরাধ। গুজব মুহর্তেই পরিবার, সমাজ ও রাষ্ট্রকে বিপর্যয়ের দিকে নিয়ে যেতে পারে। একটি অশুভ শক্তি অত্যন্ত সুকৌশলে রাষ্ট্রকে বিপন্ন করার জন্য এ ধরনের গুজব ছড়িয়ে থাকতে পারে মর্মে সূত্রোক্ত পত্র হতে জানা যায়। সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয়েছে।

২। দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষক, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, অভিভাবক, জনপ্রতিনিধি এবং স্থানীয় প্রশাসনের সমন্বয়ে সমাবেশ আয়োজনের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করে বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে এবং প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে গুজবের বিরুদ্ধে মানুষকে সচেতন করার জন্য অনুরোধ করা হয়।

৩। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০১ (এক) ফর্দ।


(আসমা উল হুসনা)
সহকারী কমিশনার
জেএম শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
ফোন নং : ০৮৬১-৫৩০৭২

১। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), মৌলভীবাজার

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার

অনুলিপি :

সহকারী কমিশনার (গোপনীয়) জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য